তারিখ : 19 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 3

যুগান্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়

# প্রথমবর্ষে ভর্তি আবেদন ২৫ সেপ্টেম্বর শুরু

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোতে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক (সম্মান) ও চার বছর মেয়াদি প্রফেশনাল কোর্সের অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ২৫ সেপ্টেম্বর থেকে শুরু হয়ে ২০ অক্টোবর পর্যন্ত চলবে। রোববার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এসএসসি ও এইচএসসিসহ সমমানের পরীক্ষার ফলের ভিত্তিতে মেধাতালিকা প্রণয়ন করা হবে। এ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথমবর্ষে প্রায় সাড়ে ৩ লাখ শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবেন। ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd) এবং (nu.edu.bd/admissions) থেকে জানা যাবে।